

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বাবুগঞ্জ, বরিশাল

স্মারক নং-০৫.১০.০৬০৩.০০১.২৩.০০১.২০২২-৪০২

তারিখ:- ১৪ মে ২০২৫ খ্রি:

বিষয়ঃ চলতি ২০২৪-২০২৫ অর্থ বছরে জাটকা আহরণ নিষিদ্ধ সময়ে জাটকা আহরণে বিরত থাকা জেলেদের জীবনযাত্রা নির্বাহের জন্য মানবিক সহায়তা কর্মসূচির আওতায় বরাদ্দকৃত ভিজিএফ (চাল) এপ্রিল ও মে /২০২৫ মাসের উপ বরাদ্দ প্রদান প্রসঙ্গে।

সূত্র: জেলা প্রশাসক, বরিশাল মহোদয়ের স্মারক নং: ০৫.১০.০৬০০.১০৬.৫৩.০০৮.২২(অংশ-১)-৪৪২ তারিখ: ১৩/০৫/২০২৫ খ্রি:


উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, বরিশাল জেলার বাবুগঞ্জ উপজেলাধীন জাটকা আহরণ নিষিদ্ধ সময়ে জাটকা আহরণে বিরত থাকা জেলেদের জন্য মানবিক সহায়তা কর্মসূচির আওতায় বরাদ্দকৃত ভিজিএফ (চাল) এর উপ বরাদ্দ ২২৬০ জেলে পরিবারের মধ্যে ২০২৫ খ্রিঃ এপ্রিল ও মে ও মার্চ ২(দুই) মাসের প্রতি মাসে ৪০ কেজি হারে ১৮১.৮০ মে.টন চাউল ২০/০৪/২০২৫ খ্রিঃ তারিখের মধ্যে বিতরণ করতে হবে। উপ-বরাদ্দকৃত চাল জাহাজীরনগর, দেহেরগতি ও চাঁদপাশা ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান বরাবর। মাধবপাশা ও কেদারপুর ইউনিয়ন পরিষদের প্রশাসক বরাবর এবং রহমতপুর ইউনিয়নে প্যানেল চেয়ারম্যান বরাবর ছাড় করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

জাটকা আহরণে বিরত থাকা মৎস্যজীবীদের বিভাজন নিম্নরূপ

ক্র. নং	ইউনিয়নের নাম	জাটকা আহরণে বিরত জেলে পরিবারের সংখ্যা	বরাদ্দকৃত ভিজিএফ (চাল) এর পরিমাণ (মে.টন)	মন্তব্য
১	২	৩	৫	৬
১	১নং বীরশ্রেষ্ঠ জাহাজী নগর	২৯৬	২৩.৬৮০ মে.টন	
২	কেদারপুর	৫৯৫	৪৭.৬০০ মে.টন	
৩	দেহেরগতি	৪০৫	৩২.৪০০ মে.টন	
৪	চাঁদপাশা	২৬৪	২১.১২০ মে.টন	
৫	রহমতপুর	৫৭০	৪৫.৬০০ মে.টন	
৬	মাধবপাশা	১৩০	১০.৪০০ মে.টন	
	সর্বমোট	২২৬০	= ১৮০.৮০০ মে.টন	

শর্ত সমূহ:

- মানবিক সহায়তা কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা, ২০১২-১৩ অনুসারে ভিজিএফ (চাল) আগামী ২০/০৫/ ২০২৫ খ্রি. তারিখের মধ্যে বিতরণ করতে হবে। উক্ত তারিখের মধ্যে বিতরণে ব্যর্থ হলে এ বরাদ্দ বাতিল বলে গণ্য হবে এবং এ বিষয়ে অবহেলার জন্য জাহাজীরনগর, দেহেরগতি ও চাঁদপাশা ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান। মাধবপাশা ও কেদারপুর ইউনিয়ন পরিষদের প্রশাসক এবং রহমতপুর ইউনিয়ন পরিষদের প্যানেল চেয়ারম্যান ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন।
- সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, বাবুগঞ্জ, বরিশাল কর্তৃক সরবরাহকৃত তালিকা হতে ইউনিয়ন মানবিক সহায়তা কমিটি ভিজিএফ বিতরণের জন্য জেলেদের তালিকা প্রস্তুত করে ভিজিএফ বিতরণ করবেন।
- সরকারী পরিপত্র অনুযায়ী ইউনিয়ন টাঙ্কফোর্স কমিটির উপস্থিতিতে চাল বিতরণ করতে হবে।
- উপজেলা নির্বাহী অফিসার, বাবুগঞ্জ ও সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, বাবুগঞ্জ, বরিশালকে অবহিতপূর্বক খাদ্যশস্য বিতরণ করতে হবে।
- বিতরণের সময় ট্যাগ অফিসার ও সিনিয়র উপজেলা মৎস্য অফিসার বা তার প্রতিনিধির উপস্থিতি নিশ্চিতপূর্বক বিতরণ করতে হবে।
- নিবন্ধিত তালিকার মধ্যে খাদ্যশস্য বিতরণ করতে হবে। ৭। খাদ্যশস্য বিতরণের ৭ কর্মদিবসের মধ্যে মাস্টার রোল সিনিয়র উপজেলা মৎস্য অফিসার ও উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার দপ্তরে জমা প্রদান করতে হবে।
- ভিজিএফ (চাল) বিতরণ ও ব্যবস্থাপনায় যে কোন ধরনের দুর্নীতি ও অনিয়মের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে।


২৪/০৫/২০২৫
(ফারুক আহমেদ)

উপজেলা নির্বাহী অফিসার
বাবুগঞ্জ, বরিশাল।

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
বাবুগঞ্জ, বরিশাল।

স্মারক নং-০৫.১০.০৬০৩.০০১.২৩.০০১.২০২২-৪০২

তারিখ:- ১৪ মে ২০২৫ খ্রি:

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো।

১। মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।

২। জেলা প্রশাসক, বরিশাল।

৩। জেলা মৎস্য কর্মকর্তা, বরিশাল।

৪। চেয়ারম্যান, জাহাঙ্গীরনগর/ দেহেরগতি/ চাঁদপাশা ইউনিয়ন পরিষদ, বাবুগঞ্জ।

৫। প্রশাসক, মাধবপাশা/ কেদারপুর ইউনিয়ন পরিষদ, বাবুগঞ্জ।

৬। প্যানেল চেয়ারম্যান, রহমতপুর ইউনিয়ন পরিষদ, বাবুগঞ্জ।

৭। উপজেলা অফিসার ও ট্যাগ অফিসার ইউনিয়ন পরিষদ, বাবুগঞ্জ।

৮। জনাব.....



১৪/০৫/২০২৫

উপজেলা নির্বাহী অফিসার

বাবুগঞ্জ, বরিশাল।